MAR. 05 2000

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... ...
পৃষ্ঠা ...১... কলাম ...৬...

৭।

# নকল—ব্যতিক্রমী চিত্র ঢাকা মহানগরীতে

জনকণ্ঠ রিপোর্টার

এসএসসি পরীক্ষায় দেশের বিভিন্ন কেন্দ্রে গণনকলের মধ্যে ঢাকার কেন্দ্রগুলো ছিল ব্যতিক্রম! ঢাকার বেশিরভাগ পরীক্ষা কেন্দ্রে শান্তিপূর্ণভাবে অভিভাবকদের সহায়তায় পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে। নকল সরবরাহ, এসব কেন্দ্রের অভিভাবকদের কাছে 'পরীক্ষার্থীদের ডিস্টার্ব, করার শামিল। গতকাল ইংরেজী দ্বিতীয় পত্রের পরীক্ষা চলাকালে ঢাকার বেশ কয়েকটি কেন্দ্র ঘুরে নকলের কোন আলামত দেখা যায়নি। অভিভাবকরা বলেছেন, সারা দেশে এ ধরনের সুশৃঙ্খল ব্যবস্থার মধ্যে পরীক্ষা অনুষ্ঠানের প্রয়োজন।

বেলা সোয়া বারোটায় মতিঝিল আইডিয়াল স্কুল কলেজ কেন্দ্রে গিয়ে দেখা গেল পিনপতন নীরবতার মধ্যে পরীক্ষা অনুষ্ঠিত

(১১- পৃষ্ঠা ৩-এর কঃ দেখুন)

## নকল—ব্যতিক্রমী

(প্রথম পাতার পর)

হচ্ছে। বাইরে অভিভাবকদের কোন ভিড় নেই। নিরাপত্তা ব্যবস্থাও শিথিল। বাইরের গেটে এক দারোয়ান বসে আছে। কয়েক পুলিশ বেঞ্চে বসে ঝিমুচ্ছে। আইডিয়াল স্কুলের প্রধান শিক্ষক মিসেস রওনক জাহান নেই। দায়িত্বপ্রাপ্ত শিক্ষকরা বললেন, আদর্শের ছাঁচে গড়ে তোলা হয়েছে ছাত্রছাত্রীদের। নকল তো দূরের কথা ছাত্র-ছাত্রীরা পরীক্ষা চলাকালে ঘাড় পর্যন্ত ফিরাতে পারে না। আইডিয়াল স্কুলের কয়েকজন শিক্ষক বললেন, সারা দেশে যথেচ্ছ নকল প্রবণতার মধ্যে আমরা ছাত্রছাত্রীদের ওপর এক প্রকার 'জুলুম' করে চলেছি। এ স্কুলে পরীক্ষার সময় অভিভাবকবৃন্দ যাতে না আসে এ ব্যাপারে ছাত্রছাত্রীদের বলে দেয়া হয়। কোন পরীক্ষার সময়ই ভিড় হয় না আইডিয়ালের সামনে।

আইডিয়ালের পাশে আরও তিনটি কেন্দ্র। মতিঝিল সরকারী বালক বিদ্যালয়, বালিকা বিদ্যালয় ও টিএ্যান্ডটি স্কুল। মতিঝিল সরকারী বালক ও বালিকা বিদ্যালয়ের সামনে অভিভাবকরা পরীক্ষা চলাকালে ভিড় করে। এই দুই কেন্দ্র পরীক্ষা চলাকালে স্কুলের মূল ফটক বন্ধ রাখা হয়। স্কুল কর্তৃপক্ষ বললেন, পরীক্ষা শুরুর কয়েক মিনিট আগে থেকেই ভিতর থেকে কেন্দ্র দু'টির গেট বন্ধ করে দেয়া হয়। খোলা হয় পরীক্ষা শেষ হওয়ার সঙ্গে সঙ্গে।

মতিঝিল সরকারী বালক ও বালিকা বিদ্যালয় কেন্দ্রে অভিভাবকরা ভিড় করলেও নকলের কোন আলামত ছিল না। এমনকি অভিভাবকদের অনেকে বলেছেন, নকল সরবরাহ ও এর চেষ্টা ছেলেমেয়েদের ডিস্টার্ব করার নামান্তর। তাঁরা এসেছেন ছেলেমেয়েদের নিয়ে যেতে। শিল্পী হাসান চৌধুরীর সঙ্গে কথা হলো স্কুলের সামনে। বললেন, তাঁর মেয়ে পরীক্ষা দিচ্ছে বালক বিদ্যালয় কেন্দ্রে। তাঁর মতে, অন্যান্য বছরের মতোই এ কেন্দ্রে নিরিবিলি পরিবেশে পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে।

ঢাকার কেন্দ্রগুলোর সামনে স্থানীয় সংসদ সদস্যরা অভিভাবক ছাউনি বানিয়ে দিয়েছেন। শামিয়ানার নিচে কোথাও কোথাও চেয়ারের ব্যবস্থা করা হয়েছে। পরীক্ষার্থীদের অভিভাবকগণ পরীক্ষা চলাকালে ছাউনিতে বসে গল্পগুজব করে সময় কাটাচ্ছেন।

গতকাল ছুটির দিন সত্ত্বেও সকালে পরীক্ষাকে কেন্দ্র করে কেন্দ্রগুলোর সামনে যানবাহনের জটলা বাঁধে। পরীক্ষা শেষে কেন্দ্রগুলোর সামনে রীতিমতো যানজটের সৃষ্টি হয়। রিক্সাওয়ালারা ভাড়া বাড়িয়ে দেয় সুযোগ বুঝে।